# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৩২০ [আন্তর্জাতিক নাম্বারঃ ৩২১]

পর্ব-১: ত্বহারাহ্‌ (পবিত্রতা) (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ২০১: অপবিত্র লোকের তায়াম্মুম

## بَاب تَيَمُّمِ الْجُنُبِ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْعَلَاءِ، قال: حَدَّثَنَا أَبُو مُعَاوِيَةَ، قال: حَدَّثَنَا الْأَعْمَشُ، عَنْ شَقِيقٍ، قال: كُنْتُ جَالِسًا مَعَ عَبْدِ اللَّهِ، وَأَبِي مُوسَى، فَقَالَ أَبُو مُوسَى: أَوْ لَمْ تَسْمَعْ قَوْلَ عَمَّارٍ، لِعُمَرَ ؟ بَعَثَنِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي حَاجَةٍ فَأَجْنَبْتُ فَلَمْ أَجِدِ الْمَاءَ، فَتَمَرَّغْتُ بِالصَّعِيدِ، ثُمَّ أَتَيْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَذَكَرْتُ ذَلِكَ لَهُ، فَقَالَ: إِنَّمَا كَانَ يَكْفِيكَ أَنْ تَقُولَ هَكَذَا، وَضَرَبَ بِيَدَيْهِ عَلَى الْأَرْضِ ضَرْبَةً فَمَسَحَ كَفَّيْهِ، ثُمَّ نَفَضَهُمَا، ثُمَّ ضَرَبَ بِشِمَالِهِ عَلَى يَمِينِهِ وَبِيَمِينِهِ عَلَى شِمَالِهِ عَلَى كَفَّيْهِ وَوَجْهِهِ . فَقَالَ عَبْدُ اللَّهِ: أَوَ لَمْ تَرَ عُمَرَ لَمْ يَقْنَعْ بِقَوْلِ عَمَّارٍ ؟.

تخريج دارالدعوه: صحيح البخارى/التيمم٧ (٣٤٦، ٣٤٥)، ٨ (٣٤٧)، صحيح مسلم/الحيض ٢٨ (٣٦٨)، سنن ابى داود/الطهارة ١٢٣ (٣٢١)، مسند احمد ٤/٢٦٤، ٢٦٥، ٣٩٦، (تحفة الأشراف ١٠٣٦٠) (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 321 ـ صحيح

বাংলা

৩২০. মুহাম্মাদ ইবনুল আলা (রহ.) ..... শাক্বীক্ব (রহ.) হতে বর্ণিত। তিনি বলেন, আমি আবদুল্লাহ এবং আবূ মূসা (রাঃ)-এর সাথে বসা ছিলাম। তখন আবূ মূসা বললেন, তুমি কি ’আম্মারের কথা শুননি যা তিনি ’উমার (রাঃ)-কে বলেছেন, আমাকে আল্লাহর রসূল এক কাজে পাঠালেন, আমি অপবিত্র হলে পানি পেলাম না। অতএব আমি মাটিতে গড়াগড়ি দিলাম। পরবর্তীতে রাসূলুল্লাহ (সা.) -এর কাছে উপস্থিত হয়ে তা বর্ণনা করলাম। তিনি বললেন,

তোমার জন্যে এ-ই যথেষ্ট ছিল। এ বলে তাঁর হাত দুটি একবার মাটিতে মারলেন। তারপর উভয় হাত মাসাহ করলেন এবং উভয় হাত ঝেড়ে ফেললেন ও তার বাম হাত ডান হাতের উপর মারলেন আর ডান হাত বাম হাতের উপর এবং মুখমণ্ডল ও কজির উপর? 'আবদুল্লাহ বললেন, তুমি কি দেখছ না যে, 'উমার (রাঃ) 'আম্মারের কথায় সন্তুষ্ট হননি?

## English

201. Tayammum Of One Who Is Junub

It was narrated that Shaqiq said: I was siting with 'Abdullah and Abu Musa, and Abu Musa said: 'Have you not heard what 'Ammar said to 'Umar: 'The Messenger of Allah (ﷺ) sent me on an errand and I became Junub, and I could not find water, so I rolled in the earth then I came to the Prophet (ﷺ) and told him about.' He said: 'It would have been sufficient for you to do this,' and he struck the earth with his hands, then wiped his hands, then knocked them together to remove the dust, then he wiped his right hand with his left and his left hand with his right, palm to palm, and wiped his face.' Then 'Abdullah said: Did you not see that 'Umar was not convinced by what 'Ammar said?

### ফুটনোট

সহীহ: বুখারী ৩৪৬, মুসলিম ৩৬৮, সহীহ আবূ দাউদ ৩৪৩।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ শাক্বীক ইবনে আব্দুল্লাহ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86591

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন